Bengali

# প্রতিদিন ভাষা শেখা:
# পরিবারের জন্য অ্যাক্টিভিটি বা কার্যকলাপ



## শিশুরা প্রতিদিন অন্যদের সাথে কথা বলার মাধ্যমে ভাষা শেখে।.

শিশুদের সাথে তাদের পরিবার, তারা কী খেলতে পছন্দ করে, তারা কেমন অনুভব করছে, তারা বাড়িতে বা সমাজে কী শব্দ শুনছে এবং আবহাওয়া সম্পর্কে কথোপকথন শুরু করতে এই প্যাকেটের অ্যাক্টিভিটিগুলো ব্যবহার করুন।

এই অ্যাক্টিভিটিগুলো ব্যবহার করার কোনো সঠিক বা ভুল নিয়ম নেই। আপনি আপনার বন্ধু এবং পরিবারের সদস্যদের সাথে এগুলো শেয়ার করতে পারেন।

# প্রতিদিন ভাষা শেখা



**আমাদের** **আমার পরিবার** **বিশেষ** **একসাথে**

# নিজেকে এবং পরিবারকে নিয়ে ভাষা

- ওপরের ফ্রেমে আপনার পরিবারের একটি ছবি আঁকুন। আপনি কি পরিবারের প্রত্যেক সদস্যের নাম বলতে বা চিহ্নিত করতে পারবেন?
- আপনার পরিবারের বিশেষ ঐতিহ্য নিয়ে কথা বলুন।
- আপনি এবং আপনার শিশু দেখতে কতটা একরকম এবং কতটা আলাদা তা তুলনা করুন।
- পরিবারের একটি গল্প বলুন। আপনি কি সেটি অভিনয় করে দেখাতে পারবেন?

আপনি এবং আপনার পরিবার নিয়ে কথা বলার জন্য আর কী কী উপায়ে ভাষা ব্যবহার করা যেতে পারে?

© 2020 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

# প্রতিদিন ভাষা শেখা



ছুড়ে মারা ধরা লাথি মারা গড়িয়ে দেয়া লাফানো বাইরে

## চলাফেরা ও খেলাধুলার সময় ব্যবহৃত ভাষা

- ওপরের ছবিটি দেখুন। লোকজন কীভাবে চলাফেরা ও খেলাধুলা করছে তা বর্ণনা করুন। প্রিয় খেলনা ও খেলা নিয়ে কথা বলুন।
- ঘরের মধ্যে আপনি কত ভাবে ঘুরতে পারেন তার নাম বলুন। আপনার শিশুকে আপনার নির্দেশনা অনুসরণ করতে বলুন।
- মেঝেতে বসুন এবং একটি বল একজন অন্যজনের দিকে গড়িয়ে দিন। বলটি কোথায় ও কীভাবে যাচ্ছে তা বণর্না করুন।
- আপনার এলাকায় বা দোকানে হাঁটুন। যে লাল জিনিসগুলো দেখতে পান সেগুলোর নাম বলুন। যে গোল জিনিসগুলো দেখতে পান সেগুলোর নাম বলুন।

আর কী কী জিনিসের নাম আপনি বলতে পারেন?

© 2020 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

# প্রতিদিন ভাষা শেখা



## অনুভূতি সংক্রান্ত ভাষা

- ওপরের ছবিটি দেখুন। ছবিতে কী হচ্ছে তা নিয়ে আপনার শিশুর সাথে কথা বলুন। শিশুরা কেমন অনুভব করছে বলে আপনি মনে করেন তা বয্াখয্া করুন। তারা কেন ওরকম অনুভব করছে বলে আপনার মনে হয়?
- ক্রেয়ন বা মার্কার ব্যবহার করে আপনার শিশুকে তার নিজের একটি ছবি আঁকতে সাহায্য করুন। আপনার শিশুকে ছবিতে সে কেমন অনুভব করছে তা বণর্না করতে বলুন।
- একটি আনন্দের নাচ নাঁচুন। একটি দুঃখের নাচ নাঁচুন। একটি উত্তেজিত নাচ নাঁচুন! নাচার সময় পর্তেয্কটি অনুভূতির নাম বলুন।
- আপনি যখন প্রত্যেকটি অনুভূতির নাম বলবেন তখন আপনার শিশুকে বামপাশের প্রত্যেকটি মুখের দিকে নিদের্শ করতে বলুন। আপনার শিশুকে পর্তেয্কটি মুখ অনুকরণ করে দেখাতে বলুন।

অনুভূতি নিয়ে কথা বলতে আর কী কী উপায়ে ভাষা ব্যবহার করা যেতে পারে?

© 2020 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

# প্রতিদিন ভাষা শেখা




**শব্দ কোলাহল ধারা পুনরাবৃত্তি শোনা জোরে শান্ত**

## শব্দ সংক্রান্ত ভাষা

- ওপরের ছবিটি দেখুন। যে জিনিসগুলো শব্দ তৈরি করে সেগুলোর দিকে নির্দেশ করুন এবং নাম বলুন। সেগুলো যে শব্‌দ করে তা বণর্না করুন বা অনুকরণ করুন।
- একসাথে আয়নার সামনে বসুন। মজার শব্দ করুন এবং আপনার শিশুকে শব্দগুলো পুনরাবৃত্তি করতে বলুন।
- আপনি যখন বাইরে থাকেন তখন যে শব্দগুলো শোনেন তা চিহ্নিত করুন। আপনার শিশুকে গাড়ি বা পর্‌াণীর মতো শব্‌দ করতে বলুন। আর কোন শব্‌দগুলো আপনি অনুকরণ করতে পারেন?
- শুনুন! আপনার বাড়িতে যে শব্দগুলো শুনছেন তা নিয়ে আলোচনা করুন। কে বা কী সেই শব্দগুলো করছে?

শব্দ নিয়ে কথা বলতে এবং খেলতে আর কী কী উপায়ে ভাষা ব্যবহার করা যেতে পারে?

© 2020 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

# প্রতিদিন ভাষা শেখা



কুয়াশাচ্ছন্ন মেঘ বৃষ্টি হচ্ছে তাপমাত্রা

# আবহাওয়া সংক্রান্ত ভাষা

- আপনার জানালার বাইরে তাকান। আবহাওয়া বর্ণনা করুন। আজকের আবহাওয়া সম্পর্কে ওপরের জানালায় একটি ছবি আঁকুন।
- আজকের আবহাওয়ার জন্য আপনি কী পরতে পারেন তা নিয়ে আলোচনা করুন।
- পর্দার ওপর থাকা ছবিগুলোর দিকে নির্দেশ করুন এবং নাম বলুন।
- রৌদ্রোজ্জ্বল দিন এবং বৃষ্টির দিনে আপনি যে খাবার বা কাজগুলো পছন্দ করেন তা নিয়ে কথা বলুন।

আবহাওয়া নিয়ে কথা বলতে আর কী কী উপায়ে ভাষা ব্যবহার করা যেতে পারে?


© 2020 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

# নোট



© 2020 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

# নোট



© 2020 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

# ছবি

© 2020 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA

# ছবি

© 2020 Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA